



শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব - ২০২০

বিষয়ঃ বাংলা (দুখুর ছেলেবেলা)

লেখকচার শীট - ৪

তারিখঃ ১৮/০৭/২০২০

- শিক্ষার্থীরা পাঠ্যবই এর অনুশীলনী- ২ (শূন্যস্থান পূরণ) পড়বে ও লিখবে।

১। ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করঃ

বাদাড়ে	ডাঁশা	টলটলে	সুরেলা	মুগ্ধ	মকতব	ঝাঁকড়া	জাতীয়
---------	-------	-------	--------	-------	------	---------	--------

ক) তালপুকুরের পানি টলটলে।

খ) বনে বাদাড়ে সাপ থাকে।

গ) নজরুলের মাথায় ছিল ঝাঁকড়া চুল।

ঘ) দুখুদের গ্রামে একটা মকতব ছিল।

ঙ) ডাঁশা পেয়ারা খেতে খুব মজা।

চ) শাপলা আমাদের জাতীয় ফুল।

ছ) দুখু মিয়ার গান শুনে সবাই মুগ্ধ হতো।

ঝ) একটা সুরেলা আওয়াজ শুনলাম।

- শিক্ষার্থীরা পাঠ্যবই এর অনুশীলনী- ৪ (প্রশ্ন-উত্তর) পড়বে ও লিখবে।

২। প্রশ্ন-উত্তরঃ

ক) দুখুর আসল নাম কী?

উত্তরঃ দুখুর আসল নাম কাজী নজরুল ইসলাম।

খ) দুখু দেখতে কেমন ছিল?

উত্তরঃ দুখুর মাথায় ঝাঁকড়া চুল ও চোখ দুটো বড় বড়।

গ) সকালে কিসের ডাকে দুখুর ঘুম ভাঙ্গে?

উত্তরঃ সকালে পাখির ডাকে দুখুর ঘুম ভাঙে।

ঘ) দুখু দলবল নিয়ে কী করে?

উত্তরঃ দুখু দলবল নিয়ে বনে বাদাড়ে ঘুরে বেড়ায় ও খেলা করে।

ঙ) কাঠবিড়ালিকে দেখে দুখুর কী ইচ্ছে হয়?

উত্তরঃ কাঠবিড়ালিকে দেখে দুখুর কাঠবিড়ালি হতে ইচ্ছা হয়।

চ) আমাদের জাতীয় কবির নাম কী?

উত্তরঃ আমাদের জাতীয় কবির নাম কাজী নজরুল ইসলাম।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী